**১৪০. ম্যানুয়ালি যোগ করার নিয়ম কোনটি?** (অনুধাবন)
ক ফলাফল সেলে Autosum ক্লিক করতে হয়
● ফলাফল সেলে '=' চিহ্ন দিয়ে সূত্র লিখতে হয়
গ প্রত্যেক সংখ্যার সেলে সূত্র লিখতে হয়
ঘ প্রত্যেক সেলে '+' চিহ্ন দিয়ে সূত্র লিখতে হয়

**১৪১. স্বয়ংক্রিয়ভাবে যোগ করার জন্য ফলাফল সেলে কার্সর নিয়ে কোথায় ক্লিক করতে হয়?** (জ্ঞান)
ক ∑sum ● ∑Autosum গ Autosum ঘ sum

**১৪২. কোনো সেল থেকে অন্য কোনো সেল পর্যন্ত যোগ করার জন্য ব্যবহৃত হয় কোনটি?** (জ্ঞান)
● সেল রেঞ্জ খ সেল অ্যাড্রেস গ সেল কনটেন্ট ঘ সেল ফর্মুলা

**১৪৩. নিচের কোনটি সেল রেঞ্জ?** (অনুধাবন)
ক A1 ● A1 : B5
গ = A1 + B5 ঘ 10A

**১৪৪. ফর্মুলা লেখার জন্য ফর্মুলা বারে প্রথমেই কোনটি টাইপ করতে হয়?** (জ্ঞান)
ক + ● = গ ✱ ঘ -

**১৪৫. এক্সেলের ওয়ার্কশিটে কোন কাজটি করা যায়?** (অনুধাবন)
ক স্বয়ংক্রিয়ভাবে বিয়োগ করা যায় ● সূত্র বসিয়ে বিয়োগ করা যায়
গ শুধুমাত্র যোগের কাজ করা যায় ঘ শুধু মাত্র বিয়োগের কাজ করা যায়

**১৪৬. চার্ট তৈরি করার জন্য কোন ধাপটি অনুসরণ করতে হয়?** (অনুধাবন)
ক উপাত্ত প্রবেশ করানো → রিবনের ইনসার্ট মেনু → চার্ট
খ রিবনের ইনসার্ট মেনু → চার্ট → উপাত্ত প্রবেশ করানো
● চার্ট → রিবনের ইনসার্ট মেনু → উপাত্ত প্রবেশ করানো
ঘ উপাত্ত প্রবেশ করানো → রিবনের ইনসার্ট মেনু → চার্ট → চার্ট টাইপ সিলেক্ট

**১৪৭. স্প্রেডশিট প্রোগ্রামে সংখ্যার ভিজুয়্যাল উপস্থাপন কোনটি?** (অনুধাবন)
ক সেল খ ফর্মুলা গ ফাংশন ● চার্ট গ্রাফ

**১৪৮. এক্সেলের ওয়ার্কশিটে বিয়োগ করার পদ্ধতি যোগ করার পদ্ধতির মতো তবে সূত্র ব্যবহার করা আবশ্যক। এর কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ক ম্যানুয়ালি বিয়োগ করার ব্যবস্থা নেই
● স্বয়ংক্রিয় বিয়োগ করার ব্যবস্থা নেই
গ সেল রেঞ্জ নির্দিষ্ট করা থাকে না
ঘ বিয়োগের ক্ষেত্রে দুয়ের অধিক সংখ্যা থাকে না

**১৪৯. গ্রাফ বা চার্ট তৈরি করার পর কোনো ডেটা পরিবর্তন করলে কী ঘটে?** (অনুধাবন)
● গ্রাফ নিজে পরিবর্তন হয় খ গ্রাফ পরিবর্তন হয় না
গ গ্রাফ মুছে যায় ঘ গ্রাফে পরিবর্তন করতে হয়

**১৫০. চার্ট তৈরির সহজ উপায় কোনটি?** (অনুধাবন)
● চার্ট উইজার্ড ব্যবহার করা খ কি-বোর্ড ব্যবহার করা
গ মেনু কমান্ড ব্যবহার করা ঘ মাউস ব্যবহার করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫১. স্প্রেডশিট সফটওয়্যার ব্যবহার করে—** [শহীদ আলী আহাম্মদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা]
i. বিপুল পরিমাণ উপাত্ত নিয়ে কাজ করা যায়
ii. হিসাব দ্রুত ও নির্ভুলভাবে করা যায়
iii. ডাক যোগাযোগের ঠিকানা ও ই-মেইল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৫২. বর্তমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগে গুরুত্বপূর্ণ কাজগুলো—** [শহীদ আলী আহাম্মদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা]
i. তথ্য প্রক্রিয়াকরণ ii. তথ্যের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিতকরণ
iii. তথ্যের বিশ্লেষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১৫৩. স্প্রেডশিট প্রোগ্রামে করা যায়—** [শহীদ আলী আহাম্মদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা]
i. যোগ ii. বিয়োগ iii. গুণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৫৪. ওয়ার্কশিটে থাকে—** [নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
i. সারি ii. কলাম iii. সেল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ iiও iii ● i, ii ও iii

**১৫৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে স্প্রেডশিটের আবির্ভাব—** [রাজবাড়ি সরকারি উচ্চ বিদ্যালয়]
i. হিসাব-নিকাশ সহজ করে দিয়েছে
ii. কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে নতুন সুযোগ তৈরি করেছে
iii. অনেক কাজ ঘরে বসেই করা সম্ভব করেছে
**নিচের কোনটি সঠিক?**
● i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫৬. স্প্রেডশিট ব্যবহার করে —** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
i. আর্থিক হিসাব করা যায় ii. আর্থিক হিসাব সংরক্ষণ করা যায়
iii. গাড়ি চালানো যায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫৭. আরিফা তার কম্পিউটারে স্প্রেডশিট সফটওয়্যার খুলতে চায়। এজন্য তাকে যে বাটনগুলো ব্যবহার করতে হবে—** (প্রয়োগ)
i. স্টার্ট ii. অল প্রোগ্রামস
iii. স্প্রেডশিট প্রোগ্রামের আইকন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৫৮. মাইক্রোসফট এক্সেলের টাইটেল বার—** (অনুধাবন)
i. উইন্ডোর একেবারে উপরে থাকে ii. ওয়ার্কবুকের শিরোনাম ধারণ করে
iii. বহুল ব্যবহৃত বাটনগুলো ধারণ করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫৯. ওয়ার্কবুক সংরক্ষণ করা যায় যেসব বাটনের সাহায্যে—** (অনুধাবন)
i. অফিস বাটন ii. কুইক অ্যাকসেস টুলবার
iii. টাইটেল বার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬০. আইকনের মাধ্যমে কমান্ড দেওয়া থাকে —** (অনুধাবন)

i. রিবনে ii. কুইক এক্সেস টুলবারে
iii. শিট ট্যাবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৬১. ফর্মুলা বারের কাজ হলো—** (অনুধাবন)
i. সেলের অবস্থান প্রদর্শন করা ii. সেল রেফারেন্স প্রদর্শন করা
iii. সেলের কন্টেন্ট দেখানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৬২. স্ট্যাটাস বারের বৈশিষ্ট্য হলো —** (অনুধাবন)
i. এটি ওয়ার্কশিটের নিচের দিকে থাকে
ii. এতে বিভিন্ন কাজের তাৎক্ষণিক অবস্থা দেখানো হয়
iii. ওয়ার্কবুকের সব ওয়ার্কশিট এখানে দেখানো হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬৩. ওয়ার্কশিটের B3 সেলে কারসর রেখে 'Name of student' এই শব্দগুলো লেখার সময় ওয়ার্কশিটের যেসব স্থানে তা দেখতে পাওয়া যাবে—** (উচ্চতর দক্ষতা)
i. ওয়ার্কশিটের B3 সেলে ii. ওয়ার্কশিটের ফর্মুলা বারে
iii. ওয়ার্কশিটের স্ট্যাটাস বারে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬৪. কুইক অ্যাকসেস টুলবারের বৈশিষ্ট্য হলো —** (অনুধাবন)
i. এটি অফিস বাটনের পাশে অবস্থান করে
ii. এটি এক্সেল ওয়ার্কবুক খুলতে ব্যবহৃত হয়
iii. এখানে বেশি ব্যবহৃত বাটনগুলো থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬৫. ওয়ার্কশিটের ছোট ছোট ঘরগুলোকে সেল বলে। যেকোনো সেলের ঠিকানা ভালোভাবে লক্ষ করলে আমরা দেখতে পাব —** (উচ্চতর দক্ষতা)
i. প্রতিটি সেলের ঠিকানা ইউনিক
ii. একটি বর্ণ এবং একটি সংখ্যা রয়েছে
iii. প্রতিটি সেলের ঠিকানায় ধারাবাহিকতা রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৬৬. শিট ট্যাবের বৈশিষ্ট্য হলো —** (অনুধাবন)
i. ওয়ার্কবুকের সবগুলো ওয়ার্কশিট এখানে দেখানো হয়
ii. এখানে বিভিন্ন পদ্ধতিতে ওয়ার্কশিট দেখার অপশন আছে
iii. বিভিন্ন শিটের মধ্যে যাওয়া আসায় এটি ব্যবহৃত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬৭. স্প্রেডশিট প্রোগ্রামে আমরা —** (অনুধাবন)
i. বর্ণবাচক উপাত্ত নিয়ে কাজ করি
ii. সংখ্যাবাচক উপাত্ত নিয়ে কাজ করি
iii. দ্রুত পরিবর্তনশীল উপাত্ত নিয়ে কাজ করি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬৮. নতুন ওয়ার্কশিট খোলার পদ্ধতি হলো —** (অনুধাবন)
i. Ctrl + v ii. Ctrl + N
iii. অফিস বাটন → নিউ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১৬৯. ওয়ার্কশিটে কাজ করার সময় কারসরকে বিভিন্ন সেলে নেয়ার প্রয়োজন হয়। এক্ষেত্রে সন্দীপ যেসব কি ব্যবহার করতে পারবে—** (প্রয়োগ)
i. অ্যারো কি ii. এন্টার কি iii. ট্যাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৭০. গাণিতিক ফর্মুলার সাহায্যে যে ধরনের কাজ করা হয়—** (অনুধাবন)
i. যোগ, বিয়োগ ii. গুণ, ভাগ iii. গড়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১৭১. ম্যানুয়ালি বিয়োগ করতে ফলাফল সেলে একটি সূত্র লিখতে যে চিহ্নগুলো ব্যবহার করতে হবে—** (প্রয়োগ)
i. ' + ' ii. ' — ' iii. ' = '
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১৭২. স্প্রেডশিটের গাণিতিক কাজে ব্যবহৃত যে চিহ্নগুলো সাধারণ গাণিতিক চিহ্ন থেকে ভিন্ন—** (উচ্চতর দক্ষতা)
i. গুণ ii. ভাগ
iii. শতকরা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭৩ ও ১৭৪ নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান সাহেব দেশের একটি বড় প্রকাশনা প্রতিষ্ঠানের মালিক। প্রতিদিন তার প্রতিষ্ঠানে প্রচুর বই ছাপানো হয় এবং বিক্রি করা হয়। এ বিপুল পরিমাণ লেনদেনের হিসাব রাখতে তিনি একটি বিশেষ কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করেন। [পারুলিয়া এস.এস মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরা]

**১৭৩. রহমান সাহেবের ব্যবহৃত প্রোগ্রামের নাম কী?**
● স্প্রেডশিট প্রোগ্রাম খ কম্পিউটার
গ মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ঘ ই-মেইল

**১৭৪. প্রক্রিয়াকরণে রহমান সাহেবের ব্যবহৃত সফটওয়্যারটি যেভাবে সাহায্য করে—**
i. টাইপিং স্পিড বাড়িয়ে দেয় ii. সময় কম লাগে
iii. হিসাব স্বয়ংক্রিয়ভাবে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭৫ ও ১৭৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জাবেদ আলীর ব্যবসায় প্রতিষ্ঠানে অসংখ্য লেনদেন সংঘটিত হয়। লেনদেনগুলো তিনি হাতে কলমে সংরক্ষণ করেন। এ কারণে বছর শেষে লাভ/ক্ষতি নিরূপণ করতে তাকে বেশ সময় এবং শ্রম ব্যয় করতে হয়।

**১৭৫. হিসাব সংরক্ষণের কাজে জাবেদ আলী কোন প্রোগ্রামটি ব্যবহার করতে পারেন?** (প্রয়োগ)
ক মাইক্রোসফট ওয়ার্ড ● মাইক্রোসফট অফিস এক্সেল
গ মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ঘ মাইক্রোসফট অফিস টুলস

**১৭৬. উক্ত প্রোগ্রাম ব্যবহার করলে জাবেদ আলীর জন্য যে কাজগুলো করা সহজ হয়ে যাবে —** (উচ্চতর দক্ষতা)
i. বছর শেষে লাভ/ক্ষতি নির্ণয়
ii. লাভ/ক্ষতির শতকরা হার নির্ণয়
iii. বিভিন্ন বছরের তুলনামূলক আর্থিক চিত্র প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭৭ ও ১৭৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রাকিন এন্টারপ্রাইজের বিগত তিন মাসের আর্থিক লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ক্রয় | .................. | ১৫,০০০ |
| বিক্রয় | .................. | ২৭,০০০ |
| পরিবহন খরচ | .................. | ৫০০ |
| দোকান ভাড়া | .................. | ১,৫০০ |
| অন্যান্য খরচ | .................. | ২০০ |

**১৭৭. উলিরখিত তথ্যাদি সংরক্ষণ করার জন্য জনাব রাকিন কোন ব্যবস্থাটি গ্রহণ করবেন?** (প্রয়োগ)
ক নিজে হাতেকলমে হিসাব সংরক্ষণ করবেন
খ হিসাব সংরক্ষণে দক্ষ লোক নিয়োগ দিবেন
গ বিক্রয় হিসাব সংরক্ষণে EPOSE ব্যবহার করবেন
● সফটওয়্যার নির্ভর স্প্রেডশিট প্রোগ্রাম ব্যবহার করবেন

**১৭৮. উক্ত ব্যবস্থায় জনাব রাকিন —** (উচ্চতর দক্ষতা)

i. নির্ভুলভাবে আয়, ব্যয় ও লাভ নির্ণয় করতে পারবেন
ii. যাবতীয় হিসাব স্থায়ীভাবে লিপিবদ্ধ রাখতে পারবেন
iii. বিভিন্ন সময়ের আয়–ব্যয়ের তুলনামূলক চিত্র আঁকতে পারবেন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

## এ অধ্যায়ের পাঠ সমন্বিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭৯. স্প্রেডশিট সফটওয়্যার ব্যবহার করলে —** (অনুধাবন)
i. হিসাবের কাজ দ্রবত ও নির্ভুল হয় ii. সূত্র ব্যবহারের সুযোগ থাকে
iii. উপাত্তকে চিত্ররূ প দেওয়া যায় না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৮০. নীতু আজ তার শিৰকের কাছ থেকে স্প্রেডশিট প্রোগ্রামের ব্যবহার শিখল। প্রোগ্রামটি সে ব্যবহার করতে পারবে —** (প্রয়োগ)
i. ডাক যোগাযোগের ঠিকানা সংরৰণে
ii. ই–মেইল ঠিকানার ব্যবস্থাপনায়
iii. যেকোনো উপাত্তকে চিত্ররূ প দিতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

**১৮১. স্প্রেডশিট প্রোগ্রামে যোগবিয়োগ করার পদ্ধতি হলো—** (অনুধাবন)
i. যোগ স্বয়ংক্রিয় ও ম্যানুয়ালি উভয় পদ্ধতিতে করা যায়
ii. বিয়োগ স্বয়ংক্রিয় ও ম্যানুয়ালি উভয় পদ্ধতিতে করা যায়
iii. বিয়োগ কেবলমাত্র ম্যানুয়ালি পদ্ধতিতে করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৮২. বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পরীৰার ফলাফল স্প্রেডশিট প্রোগ্রামের মাধ্যমে সংরৰণ করা উচিত। কারণ এতে—** (উচ্চতর দৰতা)
i. ফলাফল নির্ভুলভাবে প্রস্তুত করা যাবে
ii. ফলাফল দ্রবত প্রকাশ করা যাবে
iii. ফলাফল স্থায়ীভাবে সংরৰণ করা যাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮৩ ও ১৮৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বোয়ালমারী উচ্চ বিদ্যালয় ফরিদপুর জেলার মধ্যে একটি খ্যাতনামা শিৰা প্রতিষ্ঠান কিন্তু কর্তৃপৰ ছাত্রছাত্রীদের পরীৰার ফলাফল প্রস্তুত করার জন্য একটি রেজিস্টার খাতা ব্যবহার করেন। শিৰকগণ তাদের প্রতিটি বিষয়ের প্রাপ্ত নম্বর রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে দেন। এরপর বিষয়ভিত্তিক গ্রেড পয়েন্ট বের করে জিপিএ নির্ণয় করা হয়।

**১৮৩. বোয়ালমারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা কোন অসুবিধাটি ভোগ করছে?** (প্রয়োগ)
ⓚ পরীৰায় খারাপ ফলাফল করছে
ⓛ পরীৰার নির্ভুল ফলাফল পাচ্ছে না
● পরীৰার ফলাফল দেরি করে পাচ্ছে
ⓝ পরীৰার ফলাফল সংশোধন করতে পারছে না

**১৮৪. বোয়ালমারী উচ্চ বিদ্যালয়ের কর্তৃপৰ তাদের যেসব কাজে স্প্রেডশিট প্রোগ্রাম ব্যবহার করতে পারবে —** (প্রয়োগ)
i. শিৰকদের বেতন হিসাব প্রস্তুত ও সংরৰণে
ii. ছাত্রছাত্রীদের পরীৰার ফলাফল প্রস্তুতে
iii. ছাত্রছাত্রীদের মান উন্নয়ন করতে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

## গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ স্প্রেডশিট সফটওয়্যার ব্যবহারের উদ্দেশ্যগুলো কী কী?**

**উত্তর :** স্প্রেডশিট সফটওয়্যার হলো এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা হিসাব নিকাশের কাজে ব্যবহার করা হয়। নিচে এ ধরনের প্রোগ্রাম ব্যবহারের উদ্দেশ্যগুলো উলেৱখ করা হলো :

১. বিপুল পরিমাণ উপাত্ত নিয়ে দ্রবত কাজ করা।
২. খুব সহজে এবং নির্ভুলভাবে সূক্ষ্ম ও জটিল হিসাব নিকাশের কাজ করা।
৩. বর্তমান তথ্যের ভিত্তিতে বাজার প্রবণতা বিশেৱষণ ও ভবিষ্যদ্বাণী করা।
৪. বিভিন্ন প্রকার জরিপমূলক কাজের ফলাফল চার্ট বা গ্রাফ আকারে উপস্থাপন করা।
৫. সকল হিসাবের মান যাচাই করা।

**প্রশ্ন ॥ ২ ॥ মাইক্রোসফট এক্সেল–২০০৭ উইন্ডো এর পরিচিতি বর্ণনা কর।**

**উত্তর :** মাইক্রোসফট এক্সেল–২০০৭ উইন্ডো এর বেশ কিছু গুরবত্বপূর্ণ অংশ রয়েছে। যেমন : টাইটেল বার, অফিস বাটন, রিবন, স্ট্যাটাস বার প্রভৃতি। নিচে এগুলো সম্পর্কে বর্ণনা করা হলো :

**টাইটেল বার :** এক্সেল উইন্ডোর একবারে উপরে ওয়ার্কবুকের শিরোনাম লেখা থাকে। একে টাইটেল বার বলা হয়।

**অফিস বাটন :** এক্সেল উইন্ডোর উপরের বাম দিকে কোনার দিকে বড় গোলাকার বাটনটি হলো অফিস বাটন। এটাতে ক্লিক করে নতুন এক্সেল ওয়ার্কবুক খোলা, আগের ওয়ার্কবুক খোলা, ওয়ার্কবুক সংরৰণ করাসহ আরও অনেক কাজ করা যায়।

**কুইক অ্যাকসেস টুলবার :** অফিস বাটনের পাশেই কুইক অ্যাকসেস টুলবারের অবস্থান। সচরাচর যে বাটনগুলো বেশি ব্যবহৃত হয়, সেগুলো এখানে থাকে।

**রিবন :** মাইক্রোসফট এক্সেলে বিভিন্ন কমান্ডকে গুচ্ছাকারে সাজানো হয়েছে। এগুলোকে একত্রে রিবন বলা হয়। প্রত্যেকটা মেনুর আওতায় আইকনের মাধ্যমে কমান্ডগুলো সাজানো।

**সেলের অবস্থান ও বিষয়বস্তু দেখানোর বার বা ফরমুলা বার :** রিবনের ঠিক নিচেই এর অবস্থান। এখানে সেলের অবস্থান বা সেল রেফারেন্স প্রদর্শন করা হয়। পাশাপাশি সেলের বিষয়বস্তু বা কন্টেন্ট দেখানো হয়।

**স্ট্যাটাস বার :** ওয়ার্কশিটের নিচের দিকে স্ট্যাটাস বারের অবস্থান। বিভিন্ন কাজের সময় তাৎৰণিক অবস্থা এ বারে দেখানো হয়। এছাড়া স্ট্যাটাস বারের বাম দিকে ভিন্ন ভিন্ন পদ্ধতিতে ওয়ার্কশিট দেখার অপশন রয়েছে।

**শিট ট্যাব :** একটা ওয়ার্কবুকে যতগুলো ওয়ার্কশিট থাকে শিট ট্যাবে সেগুলো দেখানো হয়। বিভিন্ন শিটের মধ্যে আসা যাওয়া করার জন্য শিট ট্যাব ব্যবহার করা যায়।

## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন॥ ৩ ॥ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে স্প্রেডশিট প্রোগ্রামের গুরবত্ব আলোচনা কর।**

**উত্তর :** বর্তমান যুগ হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ। এ যুগে তথ্য প্রক্রিয়াকরণ একটি গুরবত্বপূর্ণ কাজ। বিভিন্ন প্রকার ব্যবসায়িক কাজে এবং যেকোনো গবেষণায় প্রাপ্ত উপাত্তকে বোধগম্যভাবে উপস্থাপনের জন্য উপাত্তগুলোকে বিশেরষণ করতে হয়। স্প্রেডশিট প্রোগ্রামের সাহায্যে এ ধরনের বিশেরষণের প্রাথমিক কাজগুলো সহজে সম্পাদন করা যায়।

স্প্রেডশিট প্রোগ্রামে একটি ওয়ার্কশিটে সব ধরনের উপাত্ত প্রবেশ করানো যায়। ফলে যেকোনো ধরনের যেকোনো সংখ্যক উপাত্ত অল্প সময়ে সম্পাদন করা, হিসাব করা, বিশেরষণ করা এবং প্রতিবেদন তৈরির কাজ স্প্রেডশিট প্রোগ্রামের মাধ্যমে করা যায়।

**প্রশ্ন॥ ৪ ॥ স্প্রেডশিট কী? স্প্রেডশিট প্রোগ্রামের ৫টি বৈশিষ্ট্য লেখ।**

[মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

**উত্তর : স্প্রেডশিট :** স্প্রেডশিট শব্দের আভিধানিক অর্থ হলো ছড়ানো বড় মাপের কাগজ। ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক হিসাব সংরক্ষণের জন্য এ ধরনের কাগজ ব্যবহার করা হয়।

**স্প্রেডশিট প্রোগ্রামের বৈশিষ্ট্য :** স্প্রেডশিট প্রোগ্রামের ৫টি বৈশিষ্ট্য নিচে উলেরখ করা হলো :

১. স্প্রেডশিট প্রোগ্রাম এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা হিসাব নিকাশের কাজে ব্যবহার করা হয়।

২. স্প্রেডশিট প্রোগ্রামের একাধিক ওয়ার্কশিট যুক্ত করে পারস্পরিক সম্পর্ক স্থাপন করা যায় এবং উপর থেকে নিচের দিকে শাখা–প্রশাখাভিত্তিক সম্পর্ক তৈরি করা যায়।

৩. বিভিন্ন ধরনের সমস্যার সহজ সমাধানের জন্য স্প্রেডশিট প্রোগ্রামে রয়েছে পাঁচ শতাধিক ফাংশন। এছাড়া ব্যবহারকারী তার প্রয়োজন অনুযায়ী ফাংশন তৈরি করে নিতে পারেন।

৪. এই প্রোগ্রাম ব্যবহার করে বাজার বিশেরষণ, প্রতিবেদন প্রস্তুত, ভবিষ্যদ্বাণী করা ইত্যাদি কাজ করা যায়।

৫. স্প্রেডশিট সফটওয়্যারের মাধ্যমে ডাক যোগাযোগের ঠিকানা ও ই–মেইল ঠিকানার ব্যবস্থাপনা ও সংরক্ষণ সহজে করা যায়।

**প্রশ্ন ॥ ৫ ॥ স্প্রেডশিট সফটওয়্যারে একটি ওয়ার্কশিট খোলার পদ্ধতি প্রবাহ চিত্রের মাধ্যমে দেখাও।** [মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

**উত্তর :** কম্পিউটারে স্প্রেডশিট প্রোগ্রাম খোলার পর কলাম ও সারির সমন্বয়ে অসংখ্য ঘর সংবলিত যে পৃষ্ঠা মনিটরের পর্দায় ভেসে ওঠে তাকে ওয়ার্কশিট বলে। নিচে স্প্রেডশিট প্রোগ্রামের ওয়ার্কশিট খোলার পদ্ধতি চিত্রের মাধ্যমে দেখানো হলো :

Start

↓ Start মেনুতে ক্লিক করলে একটি ফ্লাইআউট মেনু পাওয়া যাবে।

Programs

↓ এই ফ্লাইআউট মেনুর প্রোগ্রামস মেনুতে মাউস পয়েন্টার স্থাপন করলে আর একটি ফ্লাইআউট মেনু পাওয়া যাবে।

Microsoft Office

↓ এই ফ্লাইআউট মেনু তালিকা থেকে মাইক্রোসফট অফিস মেনুতে ক্লিক করলে পাশেই আর একটি ফ্লাইআউট মেনুতে মাইক্রোসফট অফিস এর প্রোগ্রামগুলোর তালিকা পাওয়া যাবে।


Microsoft Office Excel 2007

↓ এই তালিকা থেকে স্প্রেডশিট প্রোগ্রাম মাইক্রোসফট অফিস এক্সেল ২০০৭ এ ক্লিক করলে মাইক্রোসফট অফিস এক্সেল ২০০৭ খুলে যাবে।

Book1-Microsoft Excel

**প্রশ্ন॥ ৬ ॥ স্প্রেডশিট প্রোগ্রাম ব্যবহার করে কীভাবে বিয়োগ করা যায়?**

**উত্তর :** স্প্রেডশিট অর্থাৎ এক্সেলের ওয়ার্কশিটে বিয়োগ করার পদ্ধতিও যোগ করার পদ্ধতির অনুরূ প। তবে এক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে বিয়োগ করার কোনো ব্যবস্থা নেই। ফলাফল সেলে সূত্র বসিয়ে বিয়োগের কাজ করতে হয়। যেমন–A1 সেল থেকে B1 সেল বাদ দিতে হলে ফলাফল সেলে “= A1 – B1” লিখতে হয়। চিত্রে বিয়োগ করার পদ্ধতি দেখানো হলো :





**প্রশ্ন ॥ ৭ ॥ স্প্রেডশিটে কীভাবে বার ডায়াগ্রামের দ্বারা তথ্য উপস্থাপন করা যায়?**

**উত্তর :** মাইক্রোসফট এক্সেল প্রোগ্রামের মাধ্যমে তথ্য বার ডায়াগ্রামের দ্বারা উপস্থাপন করা যায়। বার ডায়াগ্রাম অঙ্কনের জন্য নিচের প্রক্রিয়া অনুসরণ করতে হয়–

i. ওয়ার্কশিটে উপাত্ত প্রবেশ করানো।

ii. রিবনে ইনসার্ট ক্লিক করে চার্ট অপশনের কলাম ক্লিক করতে হবে।




চিত্র : বার ডায়াগ্রামের দ্বারা তথ্য উপস্থাপন

**প্রশ্ন॥ ৮ ॥ রিবন, স্ট্যাটাস বার ও শিট ট্যাব বলতে কী বোঝ?**

**উত্তর : রিবন :** মাইক্রোসফট এক্সেলে গুচ্ছাকারে সাজানো বিভিন্ন কমান্ডকে একত্রে রিবন বলা হয়। প্রত্যেকটা মেনুর আওতায় আইকনের মাধ্যমে কমান্ডগুলো সাজানো থাকে।

**স্ট্যাটাস বার :** ওয়ার্কশিটের নিচের দিকে স্ট্যাটাস বারের অবস্থান। বিভিন্ন কাজের সময় তাৎৰণিক অবস্থা এবারে দেখানো হয়। স্ট্যাটাস বারের বামদিকে ভিন্ন ভিন্ন পদ্ধতিতে ওয়ার্কশিট দেখার অপশন রয়েছে।

**শিট ট্যাব :** শিট ট্যাবে একটা ওয়ার্কবুকে যতগুলো ওয়ার্কশিট থাকে সেগুলো দেখানো হয়। বিভিন্ন শিটের মধ্যে আসা–যাওয়া করার জন্য শিট ট্যাব ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ৯ ॥ স্প্রেডশিট ও মাইক্রোসফট ওয়ার্ডের মধ্যে পার্থক্য লেখ।**

[যশোর জিলা স্কুল]

**উত্তর :** স্প্রেডশিট ও মাইক্রোসফট ওয়ার্ড উভয়ই প্যাকেজ প্রোগ্রাম যা সম্পূর্ণ ভিন্ন ধরনের কাজে ব্যবহার করা হয়। নিচে এই দুইটি প্রোগ্রামের পার্থক্য উলেরখ করা হলো :

| স্প্রেডশিট | মাইক্রোসফট ওয়ার্ড |
|---|---|
| ১. স্প্রেডশিট হলো বিভিন্ন ধরনের সরল বা জটিল গাণিতিক হিসাব–নিকাশ ও বিশেরষণের কাজ করার একটি প্যাকেজ প্রোগ্রাম। | ১. মাইক্রোসফট ওয়ার্ড একটি স্বয়ংসম্পূর্ণ ওয়ার্ড প্রসেসিং প্রোগ্রাম। |
| ২. এটি ব্যবহার করে বিভিন্ন ধরনের বড় বড় গাণিতিক হিসাব–নিকাশ ও বিশেরষণের কাজ নির্ভুল, দ্রবত এবং খুব সহজে করা যায়। | ২. এটি ব্যবহার করে ওয়ার্ড ডকুমেন্ট তৈরি, সংরৰণ, মুদ্রণ প্রভৃতি কাজ করা যায়। |
| ৩. স্প্রেডশিটের যে অংশে কাজ করা হয় তাকে ওয়ার্কশিট বলে। | ৩. মাইক্রোসফট ওয়ার্ডের যে অংশে কাজ করা হয় তাকে ওয়ার্ক ডকুমেন্ট বলে। |
| ৪. ওয়ার্কশিটটি আড়াআড়িভাবে অসংখ্য কলামে এবং উপর নিচে অসংখ্য সারিতে বিভক্ত থাকে। | ৪. ওয়ার্ক ডকুমেন্টে কোনো কলাম বা সারি থাকে না। এটি একটি সাদা পাতার ন্যায় পৃষ্ঠা। |
| ৫. স্প্রেডশিটে সূত্র প্রয়োগ করার সুযোগ রয়েছে। তাই অনেক বড় এবং জটিল হিসাবও সূত্র প্রয়োগ করে অতি অল্প সময়ে করা যায়। | ৫. মাইক্রোসফট ওয়ার্ডে সূত্র প্রয়োগ করে কোনো কাজ করা যায় না। |

**প্রশ্ন॥ ১০ ॥ মাইক্রোসফট এক্সেল কী? এর ব্যবহারিক ৰেত্রগুলো লেখ।**

[ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

**উত্তর : মাইক্রোসফট এক্সেল :** মাইক্রোসফট এক্সেল হচ্ছে উইন্ডোজ এবং মেকিনটোশ অপারেটিং সিস্টেমে অত্যন্ত জনপ্রিয় এবং বহুল ব্যবহৃত স্প্রেডশিট প্রোগ্রাম।

**মাইক্রোসফট এক্সেলের ব্যবহারিক ৰেত্র :** এক্সেল স্প্রেডশিট প্রোগ্রামের সাহায্যে সাধারণত যেসব কার্য সম্পাদন করা যায় সেগুলো নিচে উলেরখ করা হলো :

১. এক্সেলের সাহায্যে দৈনন্দিন হিসাব সংরৰণ ও বিশেরষণ করা যায়।
২. বাজেট কিংবা বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা যায়।
৩. আয়কর ও বৈজ্ঞানিক হিসাব কিংবা বেতনের হিসাব এক্সেলের মাধ্যমে প্রস্তুত করা যায়।
৪. পরিসংখ্যান সংক্রান্ত যাবতীয় হিসাব–নিকাশ এ প্রোগ্রামের সাহায্যে করা যায়।
৫. উৎপাদন ও মজুদ ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় হিসাব–নিকাশ করা যায়।
৬. তথ্যকে আকর্ষণীয়ভাবে উপস্থাপনের জন্য বিভিন্ন ধরনের গ্রাফ বা চার্ট ব্যবহার করা যায়।

**প্রশ্ন ॥ ১১ ॥ স্প্রেডশিট প্রোগ্রাম কী? এটি ব্যবহার করে কী কী কাজ করা যায়?**

**উত্তর : স্প্রেডশিট প্রোগ্রাম :** স্প্রেডশিট প্রোগ্রাম হলো এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা ব্যবহার করে বিভিন্ন ধরনের সরল বা জটিল গাণিতিক হিসাব–নিকাশ ও বিশেরষণের কাজ করা যায়।

**স্প্রেডশিট প্রোগ্রামের ব্যবহার :** স্প্রেডশিট মূলত হিসাব–নিকাশের একটি প্যাকেজ প্রোগ্রাম। এই প্রোগ্রামটি ব্যবহার করে যেসব কাজ করা যায় তার মধ্যে উলেরখযোগ্য কিছু কাজ নিচে বর্ণনা করা হলো :

১. স্প্রেডশিটের মাধ্যমে দৈনন্দিন হিসাব–নিকাশ সংরৰণ ও বিশেরষণের কাজ করা যায়।
২. বাজেট কিংবা বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা যায়।
৩. আয়কর কিংবা বেতনের হিসাবে স্প্রেডশিট ব্যবহার করে খুব সহজে কাজ করা যায়।
৪. সব ধরনের পরিসংখ্যান সংক্রান্ত তথ্যাদি কিংবা আর্থিক তথ্যাদির হিসাব–নিকাশ স্প্রেডশিটের মাধ্যমে সম্পন্ন করে গ্রাফ বা চিত্র আকারে উপস্থাপন করা যায়।
৫. এর মাধ্যমে বিভিন্ন ধরনের ডাটা সংরৰণ ও ব্যবস্থাপনার যাবতীয় কার্যাবলি সম্পাদন করা যায়।
৬. স্প্রেডশিটের মাধ্যমে উৎপাদন ব্যবস্থাপনা কিংবা মজুদের পরিমাণ নির্ধারণ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা যায়।
৭. সকল হিসাবের মান যাচাই করা যায়।

**প্রশ্ন ॥ ১২ ॥ ওয়ার্কশিটে রেঞ্জ বলতে কী বোঝায়? স্প্রেডশিট প্রোগ্রামের সাহায্যে হিসাব–নিকাশে কাজ করার সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** স্প্রেডশিট প্রোগ্রামে কাজের সুবিধার্থে ওয়ার্কশিটের ঘরগুলো সারি ও কলামে বিন্যস্ত করে নেয়া হয়। উপর থেকে নিচের দিকে লম্বালম্বি ঘরগুলো একসঙ্গে কলাম নামে পরিচিত এবং বাম থেকে ডানে পাশাপাশি বিন্যস্ত ঘরগুলো একসঙ্গে সারি নামে পরিচিত।

অনেক সময় কোনো নির্দিষ্ট কাজের জন্য বেশ কয়েকটি ঘর একসঙ্গে সিলেক্ট করে নিতে হয়। তখন ঐ ঘর সমষ্টির এলাকাকে একত্রে রেঞ্জ (Range) বলা হয়।

**স্প্রেডশিট প্রোগ্রামের সাহায্যে হিসাব–নিকাশের কাজ করার সুবিধা :**

১. সরল থেকে শুরব করে কঠিন ও জটিল হিসাব–নিকাশের কাজ করা যায়।
২. জটিল ও বৃহৎ ক্যালকুলেশন অতি অল্প সময়ে নির্ভুলভাবে করা যায়।
৩. একাধিক সংখ্যার যোগফল বের করার পর যদি কোনো সংখ্যা পরিবর্তন করা হয়, তাহলে যোগফলও আপনাআপনি পরিবর্তন হয়ে যায়।
৪. খাতভিত্তিক অনেক বড় হিসাব–নিকাশ সহজে করা যায়।

**প্রশ্ন ॥ ১৩ ॥ ফর্মুলা ও ফাংশনের মধ্যে পাঁচটি পার্থক্য লেখ।**

উত্তর : ফর্মুলা ও ফাংশনের মধ্যে পাঁচটি পার্থক্য নিচে দেওয়া হলো :

| ফর্মুলা | ফাংশন |
|---|---|
| ১. ওয়ার্কশিটের বিভিন্ন সেলের অ্যাড্রেস ব্যবহার করে গাণিতিক, যুক্তিমূলক বা অন্যান্য কোনো কাজের জন্য | ১. ফর্মুলার সংৰিপ্ত রূপকে বলা হয় ফাংশন। অর্থাৎ গাণিতিক, যুক্তিমূলক বা অন্যান্য কোনো কাজের জন্য |

| ফর্মুলা | ফাংশন |
|---|---|
| যে সমস্ত সূত্র ব্যবহৃত হয় তাকে ফর্মুলা বলে। | ব্যবহৃত শব্দ সংৰেপকে বলা হয় ফাংশন। |

| ফর্মুলা | ফাংশন |
|---|---|
| ২. ফর্মুলা সংৰিপ্ত আকারে লেখা যায় না। | ২. ফাংশন সংৰিপ্ত আকারে লেখা যায়। |
| ৩. ফর্মুলার সাহায্যে কঠিন ও জটিল হিসাবের কাজ সহজে করা যায় না। | ৩. ফাংশনের সাহায্যে কঠিন ও জটিল হিসাবের কাজ সহজে করা যায়। |
| ৪. ফর্মুলার আকার বড় বলে লিখতে সময় বেশি লাগে এবং ভুল হওয়ার সম্ভাবনা বেশি থাকে। | ৪. ফাংশন আকারে সংৰিপ্ত হওয়ায় লিখতে সময় কম লাগে এবং ভুল হওয়ার সম্ভাবনাও কম থাকে। |
| ৫. ফর্মুলার সাহায্যে বাজার প্রবণতা বিশেরষণ, পরিসংখ্যানগত বিশেরষণ, দ্রব্যসামগ্রীর মূল্যের ভবিষ্যদ্বাণী ইত্যাদি কাজ করা যায় না। | ৫. ফাংশনের সাহায্যে বাজার প্রবণতা বিশেরষণ, পরিসংখ্যানগত বিশেরষণ, দ্রব্যসামগ্রীর মূল্যের ভবিষ্যদ্বাণী ইত্যাদি কাজ খুব সহজে করা যায়। |

**প্রশ্ন ॥ ১৪ ॥ ওয়ার্কশিট কী? স্প্রেডশিট ও ওয়ার্কশিটের মধ্যে পার্থক্য লেখ।**

**উত্তর : ওয়ার্কশিট :** কম্পিউটারে স্প্রেডশিট প্রোগ্রাম খোলার পর কলাম ও সারির সমন্বয়ে অসংখ্য ঘর সংবলিত যে পৃষ্ঠা মনিটরের পর্দায় ভেসে ওঠে তাকে ওয়ার্কশিট বলে।

**স্প্রেডশিট ও ওয়ার্কশিটের মধ্যে পার্থক্য :** স্প্রেডশিট এবং ওয়ার্কশিট শব্দ দুইটি পরস্পর সম্পর্কযুক্ত হলেও এদের মধ্যে বিভিন্ন ধরনের পার্থক্য বিদ্যমান। নিচে এদের পার্থক্যসমূহ উলেরখ করা হলো :

| স্প্রেডশিট | ওয়ার্কশিট |
|---|---|
| ১. কম্পিউটারের সাহায্যে বিভিন্ন হিসাব-নিকাশ করার প্রোগ্রামকে স্প্রেডশিট প্রোগ্রাম বলে। | ১. স্প্রেডশিট প্রোগ্রামের যে অংশে হিসাব-নিকাশের কাজটি করা হয় তাকে ওয়ার্কশিট বলে। |
| ২. অনেকগুলো ওয়ার্কশিট নিয়ে স্প্রেডশিট গঠিত হয়। | ২. অনেকগুলো ছোট ছোট আয়তাকার ঘর মিলে ওয়ার্কশিট গঠিত হয়। |
| ৩. বিভিন্ন কোম্পানির তৈরি স্প্রেডশিট বিভিন্ন ধরনের হয়। | ৩. সকল স্প্রেডশিটের ওয়ার্কশিটের অবয়ব মোটামুটি একই রকম। |